

# পৃথকভাবে বর্জ্য সংগ্রহে ভিকেঞ্জা কাউন্সিলের নির্দেশিকা

ভসিঞে্জা কাউন্‌সলি

aim ambiente

## নগরীকে সেবাদান, স্বাস্থ্যসুরক্ষা

AIM Ambiente উচ্চ প্রযুক্তির যান্ত্রিক পদ্ধতি থেকে শুরু করে বাড়ির দরজায় গিয়ে পরিষেবা প্রদানের মাধ্যমে ভিসেঞ্জা ডিস্ট্রিক্ট এলাকার শহুরে বর্জ্য চক্রের ব্যবস্থাপনার দায়িত্ব পালন করে।
AIM Ambiente এর 160 টির বেশি গাড়ি রয়েছে, যা দ্বারা প্রায় 113 হাজার বা এক লক্ষ তের হাজার অধিবাসীকে সেবা প্রদান করা হয় এবং এখানে ব্যবসা ও শিল্প প্রতিষ্ঠানসহ 61,800 নিবন্ধিত ব্যবহারকারী রয়েছে।
2013 নাগাদ AIM Ambiente পৃথকভাবে বর্জ্য সংগ্রহের 65% এর বেশি স্তরে উপনীত হয়েছে এবং সচেতনতা বৃদ্ধির প্রচারণা ও তথ্য প্রদানের মাধ্যমে আরো উচ্চাকাঙ্খী লক্ষ্য অর্জনে প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

## পৃথকভাবে বর্জ্য সংগ্রহ বাধ্যতামূলক

সামাজিকভাবে দায়িত্বশীল আচরণ ও সঠিকভাবে বর্জ্য পৃথকীকরণের মাধ্যমে আইনে* নির্ধারিত শাস্তি/জরিমানা এড়িয়ে যাওয়া সম্ভব (*75-150 ইউরো, 18/05/2011 তারিখের মেয়র আদেশ, সাধারণ প্রটোকল নং 34529 এবং 18/05/2011 তারিখের কাউন্সিলের সিদ্ধান্ত নং 147 অনুযায়ী)
ভিসেঞ্জা ডিস্ট্রিক্টে নিম্নবর্ণিত বিধিমালা প্রযোজ্য:

- পৃথকভাবে বর্জ্য সংগ্রহের আবশ্যকতা
- নির্ধারিতপদ্ধতির বাইরে বর্জ্য ফেলার ক্ষেত্রে নিষেধাজ্ঞা
- যত্রতত্র আবর্জনা ফেলার ওপর নিষেধাজ্ঞা
- অনাবাসীদের অননুমোদিতভাবে স্থাপনা ব্যবহার নিষিদ্ধ



# কাউন্সিলের এলাকায় স্থানীয় পুলিশের পরিচালনায় ভিডিও নজরদারি সরঞ্জাম সক্রিয়



# কাগজ ও কার্ডবোর্ডের শ্রেণি

## অনুমোদিত


- সংবাদপত্র, ম্যাগাজিন, বই, নোটবুক
- চলমান ফরম
- খাবারের বক্স এবং কার্ডবোর্ড প্যাকেট (ভাঁজ করা ও ছড়ানো)
- লেমিনেট করা প্যাকেট (টেট্রা প্যাক®, দুধ ও ফলের জুসের কার্টন), মুখ বা প্লাস্টিক নির্মিত অংশ বিহীন এবং অবশিষ্টাংশ ছাড়া।

## অননুমোদিত

- আঠার অবশিষ্টাংশ যুক্ত কাগজ
- তৈলাক্ত পাত্র (যেমন- নোংরা পিৎজার বক্স)
- মোমযুক্ত প্যাকেট (যেমন- শীতল মাংসের জন্য ব্যবহৃত)
- নিজ অনুলিপির কাগজ (যেমন- ফ্যাক্স, রিসিট)
- কার্বন বিহীন অনুলিপির কাগজ
- কাগজের কাপ ও প্লেট

## কাগজের ব্যবস্থাপনা

আবাসিক এলাকার ওপর ভিত্তি করে সংগ্রহ পদ্ধতি ভিন্ন হয়।
স্থান ও রাস্তার বিন্যাসের ওপর ভিত্তি করে শহরের ঐতিহাসিক কেন্দ্রে সাদা ও হলুদ রিসাইক্লিং ব্যাঙ্ক এবং হলুদ হুইলি বিন রয়েছে।
এছাড়া, নির্ধারিত ক্যালেন্ডার অনুযায়ী ঐতিহাসিক কেন্দ্রের স্মৃতিস্তম্ভ এলাকায় ও বাইরের আরো কিছু এলাকায় বাড়ির দরজায় গিয়ে সংগ্রহ করা হয়।




রাস্তার পাশের
রিসাইক্লিং ব্যাঙ্ক



রাস্তার পাশের
হুইলি বিন

বক্স ও কাগজের ব্যাগে
ঢিলেঢালাভাবে জমা করা দ্রব্য।




কোন কোন এলাকায়
বাড়ির দরজায়





# কাঁচের শ্রেণি



রাস্তার পাশের
রিসাইক্লিং ব্যাঙ্ক



রাস্তার পাশের
হুইলি বিন

## অনুমোদিত

- কাঁচের বোতল
- কাঁচের পাত্র
- ভাঙা কাঁচ
- চিকিৎসা সংশ্লিষ্টতা বিহীন বোতল
- পানের গ্লাস

## অননুমোদিত

- জানালার ফ্রেমযুক্ত কাঁচ (অবশ্যই ব্যবস্থাপনা স্থলে নিতে হবে)
- সিরামিকের কাপ ও প্লেট
- পোরসিলিন
- প্লেট
- লাইট বাল্ব

## কাঁচের ব্যবস্থাপনা

আবাসিক এলাকার ওপর ভিত্তি করে সংগ্রহ পদ্ধতি ভিন্ন হয়।
স্থান ও রাস্তার বিন্যাসের ওপর ভিত্তি করে শহরের ঐতিহাসিক কেন্দ্রে সবুজ রিসাইক্লিং ব্যাঙ্ক, বা সবুজ হুইলি বিন রয়েছে।





# প্লাস্টিক ও ধাতু নির্মিত প্যাকেটের শ্রেণি

### প্লাস্টিক (কেবল প্যাকেট) - অনুমোদিত
- বোতল (যেমন- পানি, কোমল পানীয়, তেল, জুস্, দুধ ইত্যাদি)
- বোতল, ডিসপেন্সার (যেমন- শ্যাম্পু, বাবল বাথ, সাবান, ডিটারজেন্ট, গৃহস্থালী পরিষ্কারক পণ্য, সিরাপ, ক্রিম, সস্, দধি ইত্যাদি)
- পাতিত পানির ক্যান
- পরিষ্কার করা (bleach)বা অনান্য গৃহস্থালী পণ্যের বোতল((ধোওয়া হলে)
- প্লাস্টিকের ব্যাগ
- খাবারের পাত্র (যেমন- ফল, শাকসবজি, স্নাকস্ ইত্যাদির জন্য ব্যবহৃত)
- সংবাদপত্র ও ম্যাগাজিনের আচ্ছাদক ফিল্ম
- খাদ্য সামগ্রীর ব্যাগ ওপ্যাকেট
- প্লাস্টিকের পাত্র
- ক্লিং ফিল্ম
- প্লাস্টিকের কাপ ও প্লেট

### ধাতু (কেবল প্যাকেট) - অনুমোদিত
- টিন
- খাদ্য সামগ্রীর অ্যালুমিনিয়াম ফয়েল
- অদাহ্য স্প্রেক্যানিস্টার
- মাংস, মাছ ও শিম জাতীয় দ্রব্যের ক্যান ও টিন
- নল
- দধির ঢাকনা
- কাপ ও ক্যাপসুল

### প্লাস্টিক - অননুমোদিত
- বিভিন্ন প্লাস্টিক পণ্য
- নোংরা প্লাস্টিকের পাত্র
- খেলনা
- প্লাস্টিকের ছুরি-চামচ
- সিরিঞ্জ
- কফি পাত্র

### ধাতব - অননুমোদিত
- পেইন্ট বা রং এর অবশিষ্টাংশসহ ক্যান
- ক্যানিস্টার (অদাহ্য বা ক্ষতিকর বস্তুসহ)
- ছাঁকনি
- অদাহ্য, বিষাক্ত পণ্যসহ ক্যানিস্টার



রাস্তার পাশের
রিসাইক্লিং ব্যাঙ্ক

কোন কোন এলাকায়:
স্বচ্ছব্যাগ



বাড়ির দরজায় গিয়ে

### প্লাস্টিক ও ধাতু নির্মিত প্যাকেটের ব্যবস্থাপনা

**আবাসিক এলাকার ওপর ভিত্তি করে সংগ্রহ পদ্ধতি ভিন্ন হয়।**

প্লাস্টিক ও ধাতু নির্মিত প্যাকেট সংগ্রহের জন্য এলাকায় সরবরাহকৃত রিসাইক্লিং ব্যাঙ্ক এবং হুইলি বিন হল নীল রঙের। এছাড়া, নির্ধারিত ক্যালেন্ডার অনুযায়ী ঐতিহাসিক কেন্দ্রের স্মৃতিস্তম্ভ এলাকায় ও বাইরের আরো কিছু এলাকায় বাড়ির দরজায় গিয়ে সংগ্রহ করা হয়।





# জৈব বর্জ্যের শ্রেণি

## অনুমোদিত

- ফল ও শাকসবজির বর্জ্য
- মাংস ও মাছের বর্জ্য
- বাগানের বর্জ্য (চারা, ফুল, কাটা ঘাস ইত্যাদি)
- দুগ্ধজাত পণ্য
- ডিমের খোসা
- পচে যাওয়া খাবার
- কফির তলানি ও কফি
- ছোট ও বড় হাড়
- নোংরা কাগজ ও কার্ডবোর্ড (যেমন- পিৎজার নোংরা বক্স)
- ছাই
- ছোট প্রাণির মল
- নোংরা কাগজের টেবিলক্লথ ও রুমাল।

## অননুমোদিত

- ভ্যাকুয়াম ক্লিনার ব্যাগ
- ডিসপোজেবল ন্যাপি ও স্যানিটারি সুরক্ষার পণ্য
- বস্ত্র
- বার্নিশ করা কাঠ
- আবরণ যুক্ত কাগজ
- উদ্ভিজ্জতেল

## জৈব বর্জ্যের ব্যবস্থাপনা


জৈব বর্জ্য অবশ্যই বাদামি হুইল বিনে ফেলতে হবে। 7-লিটার মাপের জৈব বর্জ্যের বিনের জন্য Contrà Mure San Rocco 23-এ অবস্থিত আমাদের অফিসে অনুরোধ করবেন। রাস্তার পাশে ফেলার বিকল্প হিসাবে বাগান বা শাকসবজির ক্ষেত রয়েছে এমনযে কেউ AIM Ambiente এর কাছে কম্পোস্টারসেবার জন্য অনুরোধ জানাতে পারেন।



রাস্তার পাশের
রিসাইক্লিং ব্যাঙ্ক

**কম্পোস্টার সুবিধা বিদ্যমান**

AIM Ambiente ভিসেঞ্জা ডিস্ট্রিক্ট কাউন্সিল এলাকার অধিবাসীদেরকে বিনামূল্যে কম্পোস্টার প্রদান করে। কম্পোস্টারের জন্য যেসব নম্বরে ফোন করবেন:
**0444 394008 বা 0444 0444**
বা ইমেইল করবেন এই ঠিকানায়:
**infoporta.porta@aimvicenza**



গৃহস্থালী কম্পোস্টিং



# বাগানের বর্জ্যের শ্রেণি

## অনুমোদিত

- ডালপালা ও পাতা
- কাটা ঘাস
- বাগানের বিভিন্ন ধরনের বর্জ্য

## অননুমোদিত

- সিরামিক
- প্লাস্টার ও নির্মাণ সামগ্রী
- পাথর

## বাগানের বর্জ্যের ব্যবস্থাপনা


বিনামূল্যে বাড়ির দরজা থেকে সংগ্রহের সুবিধা ভোগের অনুরোধকে অগ্রাধিকার প্রদান করা হয়। গৃহস্থালী কম্পোস্টিং কর্মকাণ্ডেও অংশ নেয়া যেতে পারে।
বিকল্প হিসাবে রাস্তার ধারে পাত্র রয়েছে এমন এলাকাগুলোতে সবুজ হুইলি বিন রয়েছে বা আপনার বর্জ্য নিকটবর্তী রিসাইক্লিং সেন্টারে নিয়ে যেতে পারেন।

## বর্জ্যের ব্যয় হ্রাস

গৃহস্থালী হুইলি বিনের মাধ্যমে বাগানের বর্জ্য সংশ্লিষ্ট উদ্যোগে যোগদানকারী যেকোন ব্যক্তি **5%** ব্যয় হ্রাসের জন্য অনুরোধ জানাতে পারেন। এটা গৃহস্থালী কম্পোস্টিং-এর জন্য প্রযোজ্য **20%** হ্রাসের সঙ্গে ক্রমযোজিত নয়।



রাস্তার পাশের
রিসাইক্লিং ব্যাঙ্ক



গৃহস্থালী কম্পোস্টিং



রাস্তার পাশের
হুইলিবিন




রিসাইক্লেরিয়া
(রিসাইক্লিং কারখানা)



# পৃথকভাবে বর্জ্য সংগ্রহ গৃহস্থালী কম্পোস্টিং

## এটা কী?

গৃহস্থালী কম্পোস্টিং হল খাবার ও বাগানের বর্জ্য থেকে কম্পোস্ট তৈরির একটি প্রাকৃতিক পদ্ধতি। কোন ডমেস্টিক কম্পোস্টার 3 থেকে 6 মাসের মধ্যে বাগানে বা শাকসবজির ক্ষেতে ব্যবহারের জন্য সার তৈরি করবে।

## বর্জ্য কর হ্রাস

উদ্যোগে যোগদানকারী যেকোন ব্যক্তি **20%** কর হ্রাসের জন্য অনুরোধ জানাতে পারেন, যা বাগানের বর্জ্য সংগ্রহের জন্য প্রযোজ্য **5%** হ্রাসের সঙ্গে ক্রমযোজিত নয়।

## অনুমোদিত

- কাটা বা নেতিয়ে পড়াফুল, মূলের বলসহ/ছাড়া চারাগাছ
- বাসী বা জীর্ণ রুটি, ডিমের খোসাওহাড়
- কফির তলানি ও চা ছাঁকনি
- বিভিন্ন পাতা, কাঠের গুঁড়া এবং খড়
- কাটা ঘাস
- কাঠি, শেভিংস, বাকল এবং শুষ্ক দ্রব্য
- সাধারণ কাগজ, কার্ডবোর্ড, কাগজের টিস্যু, বেকিং পার্চমেন্ট, রুমাল
- পরিপক্ক কম্পোস্টে বিদ্যমান কাঠের টুকরা বা অটুট পাতা
- অশোধিত সাইট্রাসের খোসা
- অল্প পরিমাণ ছাই
- মাংস, মাছ, পনির বা ঠান্ডা মাংসের অবশিষ্টাংশ
- কুকুর ও বিড়ালের মলমূত্র যুক্ত বিছানা (litter)
- ভেঙে পড়ে না এমন গাছের পাতা (ম্যাগনোলিয়া, কনিফার নিডলস)

## অননুমোদিত


- প্লাস্টিকের আবরণ যুক্ত কার্ডবোর্ড, কাঁচ, ধাতু
- ম্যাগাজিন, রঙিন ছবি, সাধারণভাবে আবরণ যুক্ত কাগজ
- ভ্যাকুয়াম ক্লিনার ফিল্টার
- আগাছা বা রোগাক্রান্ত গাছ
- রাসায়নিক পণ্যের (দ্রাবক, বার্নিশ) সাহায্যে প্রক্রিয়া করা কাঠের ছাঁট

## কম্পোস্টার

জৈব বস্তুকে উর্বর হিউমাসে রূপান্তরিত করার প্রাকৃতিক প্রক্রিয়া পুনর্বার পরিচালনার জন্য এই গ্যাসযুক্ত পাত্রের নকশা করা হয়। গৃহস্থালী কম্পোস্ট তৈরির জন্যকয়েকটি সহজ নিয়ম অনুসরণ করতে হয়, যা AIM Ambiente এর যেকোন কর্মী দেখিয়ে দিতে পারে।

**কম্পোস্টার সুবিধা বিদ্যমান**

AIM Ambiente ভিসেঞ্জা ডিস্ট্রিক্ট কাউন্সিল এলাকার অধিবাসীদেরকে বিনামূল্যে কম্পোস্টার প্রদান করে।
কম্পোস্টারের জন্য যেসব নম্বরে ফোন করবেন:
**0444 394008 বা 0444 0444**
বা ইমেইল করবেন এই ঠিকানায়:
**infoporta.porta@aimvicenza**



গৃহস্থালী কম্পোস্ট তৈরি

# ব্যবহৃত পোশাক ও বস্ত্র



রাস্তার পাশের
রিসাইক্লিং ব্যাঙ্ক

## অনুমোদিত

- পোশাক
- জুতা
- ব্যাগ
- গৃহস্থালী লিনেন
- কম্বল
- পর্দা

## অননুমোদিত

- নোংরা ন্যাকড়া
- জীর্ণবস্ত্র
- সাধারণ বর্জ্য

## ব্যবহৃত পোশাকের ব্যবস্থাপনা

ব্যবহৃত পোশাক সংগ্রহের জন্য রয়েছে হলুদ রিসাইক্লিং ব্যাঙ্ক।

## ভালো অবস্থায় রয়েছে এমন পোশাক


পোশাক ভালো অবস্থায় থাকলে ও পুনর্ব্যবহারের উপযোগী হলে সেগুলো Cooperativa Insieme-কে প্রদান করা যেতে পারে, যেখানে ন্যায্য বাণিজ্য নীতির মাধ্যমে তা পুনর্ব্যবহৃত হতে পারে।

## সতর্কতা

রিসাইক্লিং ব্যাঙ্ক থেকে পোশাক সরিয়ে নেয়ার চেষ্টা করবেন না।
সহায়তার জন্য প্রয়োজনে সহায়তাকারী সংস্থার সঙ্গে যোয়াযোগ করবেন বা **0444 394008** নম্বরে ফোন করবেন।



# ব্যাটারি ও ওষুধের শ্রেণি



রাস্তার পাশের
রিসাইক্লিং ব্যাঙ্ক

## অনুমোদিত

- ব্যবহৃত ব্যাটারি
- ওষুধের প্যাকেট
- মেয়াদোত্তীর্ণ ওষুধ

## অননুমোদিত

- গাড়ির ব্যাটারি
- মোবাইল ফোন, স্মার্ট ফোন বা ট্যাবলেট
- ব্যাটারিসহ ছোট ইলেকট্রনিক যন্ত্র

## ব্যাটারি ও ওষুধের ব্যবস্থাপনা

ব্যবহৃত ব্যাটারি ও মেয়াদোত্তীর্ণ ওষুধ ফ্লাপ যুক্ত ধূসর পাত্রে ফেলা যাবে, যা সাধারণত ওষুধ বা সিগারেটের দোকানে বিদ্যমান। ওষুধ ও ব্যাটারি (মোবাইল ফোন, ঘড়ি ইত্যাদির হলেও) রিসাইক্লিং কারখানাতেও নিয়ে যাওয়া যায়।



# উদ্ভিজ্জ তেলের শ্রেণি

## অনুমোদিত

• ব্যবহৃত উদ্ভিজ্জ তেল
• চর্বি (যেমন- শুকরের চর্বি, মার্জারিন ইত্যাদি)

## অননুমোদিত

• ভাজি খাবারের অবশিষ্টাংশ
• অন্যান্য তেল (যেমন-পিচ্ছিল কারক খনিজ তেল বা মোটরের তেল)

## উদ্ভিজ্জ তেলের ব্যবস্থাপনা

বিনামূল্যে আমাদের রিসাইক্লিং কারখানায় আনা যেতে পারে।
AIM Ambiente গৃহস্থালী উদ্ভিজ্জ তেল সংগ্রহের জন্য বিনামূল্যের পুনর্ব্যবহার যোগ্য পাত্র সরবরাহ করে,
যা আমাদের রিসাইক্লিং কারখানায় বিনামূল্যে খালি করা যায়।
বাড়ির নর্দমায় উদ্ভিজ্জ তেল ফেলবেন না, কারণ তা পানি দূষিত করে ফেলে।

## আরো উন্নত সেবা প্রাপ্তি

রিসাইক্লিং কারখানায় আনার আগে পাত্র ব্যবহৃত তেল দ্বারা পুরোপুরি ভর্তি করার পরামর্শ দেয়া যাচ্ছে।





# অন্যান্য বর্জ্য

পৃথকভাবে বর্জ্য সংগ্রহের জন্য নির্দিষ্ট পাত্রে ফেলা যাবে না এমন অন্য যেকোন বস্তু এই শ্রেণির আওতায় আসে, এর মধ্যে নিচের পণ্য অন্তর্ভুক্ত, তবে তালিকা এতেই সীমাবদ্ধ নয়।

## অনুমোদিত

- মোমযুক্ত বা নোংরা প্যাকেট
- পেন্সিল, ক্রেয়ন, কলমও ফেল্টটিপ
- কাপড়ের ক্লিপ
- লাইটার ও সিগারেটের অবশিষ্টাংশ
- সঙ্গীতেরটেপ, ভিডিওটেপ, সিডিওডিভিডি
- আঠালো টেপ
- ডিসপোজেবল ন্যাপি ও স্যানিটারি সুরক্ষার পণ্য
- ভ্যাকুয়াম ক্লিনার ব্যাগ
- ধূলি
- সিরামিক
- পোরসিলিন
- তাপে আলো দানকারী বাতি
- নাইলনের হোসিয়ারি সামগ্রী
- পৃথক বর্জ্য সংগ্রহের আওতায় আসে না এমন যেকোন বস্তু

## অননুমোদিত


- কাগজ, কার্ডবোর্ড ইত্যাদি
- কাঁচ
- ধাতু
- জৈব বর্জ্য
- প্লাস্টিক
- বাগানের বর্জ্য
- ব্যবহৃত পোশাক
- বৈদ্যুতিক যন্ত্রপাতি, ইলেকট্রনিক গ্যাজেট ও খেলনা
- কম শক্তির বাল্ব
- ব্যাটারি
- ওষুধ
- বড়/ভারী জিনিস
- পুনর্ব্যবহার যোগ্য প্যাকেট (যেমন- পলিস্টারিন, প্লাস্টিকের ফল এবং শাকসবজির ট্রে, ক্লিং ফিল্ম ইত্যাদি)

## অন্যান্য বর্জ্যের ব্যবস্থাপনা

আবাসিক এলাকার ওপর ভিত্তি করে সংগ্রহ পদ্ধতি ভিন্ন হয়।

## ব্যবহারকারীর নিবন্ধন বা স্থানান্তর

পরিষেবার জন্য নিবন্ধন করছেন বা শহরের অন্য এলাকায় যাচ্ছেন এমন ব্যবহারকারীরা বাড়ির দরজা থেকে সংগ্রহের সেবার জন্য সোমবার হতে শুক্রবার সকাল 9 টা-11 টা'র মধ্যে Contrà Mure San Rocco 23-এ অবস্থিত শাখা থেকে অথবা অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে চৌম্বক নিয়ন্ত্রিত অ্যাকসেস কি বা পাত্র সংগ্রহ করবেন।
আরো তথ্যের জন্য:
**infoporta.porta@aimvicenza.it**



রাস্তার পাশের
রিসাইক্লিং ব্যাঙ্ক



রাস্তার পাশের
হুইলি বিন

# বড়/ভারী বর্জ্য

AIM Ambiente বড় ওভারী দ্রব্যের ব্যবস্থাপনার জন্য সামাজিক সমবায়ের সঙ্গে একত্রে তিনটি রিসাইক্লিং কারখানা পরিচালনা করে।
রিসাইক্লিং কারখানা সংক্রান্ত তথ্য ও ব্যবস্থাপনার বিষয়ে বিস্তারিত বিবরণের জন্য 16 পাতা দেখুন।

## বাড়ি থেকে বড়/ভারী বর্জ্য সংগ্রহ

গৃহস্থালী ব্যবহারকারীদের জন্য এই সেবা বিনামূল্যে প্রদান করা ও ত্রৈমাসিক ভিত্তিতে সংগ্রহ করা হয় এবং একবারের সংগ্রহে 5টি দ্রব্য অন্তর্ভুক্ত, যা কোন বছরে সর্বোচ্চ মোট 20টি হবে, তাই প্রাঙ্গন পরিষ্কার করার জন্য এই সেবা নয়।
বিভাগকে ডাকা হলে অপারেটর দ্রব্য তুলে নেয়ার সময় জানাবে এবং পদ্ধতির ব্যাপারে সম্মতি দেবে এবং কিভাবে দ্রব্য প্রস্তুত করতে হবে, সম্ভব হলে কোনটি সহজে পাওয়া যাবে ও সংগ্রহ করা যাবে সেসম্পর্কে তথ্য দেবে।
পরিষেবা প্রদানের দায়িত্ব পালনকারী কর্মচারীদেরকে প্রদর্শিত AIM Ambiente লোগো এবং নিযুক্ত সমবায়সহ তাদের ব্যক্তিগত আইডি ব্যাজ দ্বারা সহজেই চেনা যাবে।
এইসেবার মাধ্যমে বাড়ি থেকে বর্জ্য সংগ্রহ পরিষেবা পরিপূর্ণ হয় এবং এটা যেসব এলাকায় ইতোমধ্যেই বাড়ির দরজা থেকে বর্জ্য সংগ্রহের প্রকল্প কার্যকর রয়েছে সেসব এলাকার জন্য বিশেষভাবে উপযোগী।

**AIM Ambiente ভারী বর্জ্য সংগ্রহের জন্য মঙ্গলবার থেকে শুক্রবার সকাল 8.30 হতে বেলা 12.30 এবং বিকেল 15.00 হতে সন্ধ্যা 19.00 পর্যন্ত সুবিধাজনক পরিষেবা দিয়ে থাকে।**

**বাড়ি থেকে বড়/ভারী বর্জ্য সংগ্রহের বুকিং এর জন্য কল করবেন**

**ফ্রিফোন**
**800 748 746**

**বড়/ভারী দ্রব্য AIM এর উত্তর, দক্ষিণ ও পূর্ব – এই তিনটি রিসাইক্লিং কারখানাতেও বিনামূল্যে নেয়ার সুবিধা গ্রহণ করা যেতে পারে।**



# টেকসই দ্রব্যের ব্যবস্থাপনা
# বৈদ্যুতিক ও ইলেকট্রনিক সরঞ্জামের বর্জ্য (WEEE)

## অনুমোদিত

এই শ্রেণির মধ্যে রয়েছে বিভিন্ন ধরনের বর্জ্য, বিশেষ করে WEEE (বৈদ্যুতিক ও ইলেকট্রনিক সরঞ্জামের বর্জ্য) যেমন:
- ফ্রিজ
- টেলিভিশন
- কম্পিউটার
- কুকার, ওভেন ও মাইক্রোওয়েভ
- ওয়াশিং মেশিন ও ডিসওয়াশার
- অন্যান্য বৈদ্যুতিক ও ইলেকট্রনিক দ্রব্য

## টেকসই পণ্য এবং বৈদ্যুতিক ও ইলেকট্রনিক সরঞ্জামের (WEEE) ব্যবস্থাপনা

গৃহস্থালী ব্যবহারকারীরা দ্রব্য এসব রিসাইক্লিং কারখানায় নিতে পারেন:Via De Faveri, 7-এ অবস্থিত Ricicleria Nord (উত্তর কারখানা), (টেলিফোন 0444 514649), Via Fornaci, 5-এ অবস্থিত Ricicleria Ovest (পশ্চিম কারখানা), (টেলিফোন 0444 560507), এগুলো সোমবার-শুক্রবার বিকেলে 14.00 হতে 19.00, এবং শনিবার 9.00 হতে 18.00 (শীতকালে) এবং  9.00 হতে 19.00 (গ্রীষ্মকালে) খোলা থাকে।

বিঃদ্রঃ! ভিসেঞ্জা ডিস্ট্রিক্ট কাউন্সিল এলাকায় টেকসই পণ্য ফেলা অবৈধ এবং তা জরিমানার শাস্তিযোগ্য অপরাধ।




**ফ্রিজ, ওয়াশিং মেশিন, টেলিভিশন, কম্পিউটার ইত্যাদির মত টেকসই পণ্য নতুন টেকসই পণ্য কেনার সময় খুচরা বিক্রেতাদের প্রদান করা উচিত।**

# ভিসেঞ্জা ডিস্ট্রিক্টে রিসাইক্লিং কারখানা

AIM Ambiente পুনর্ব্যবহারযোগ্য বড়/ভারী দ্রব্যের ব্যবস্থাপনার জন্য সামাজিক সমবায়ের সঙ্গে একত্রে তিনটি রিসাইক্লিং কারখানা পরিচালনা করে। এগুলোর মধ্যে রয়েছে

- কাঁচের শিট
- প্লাস্টিকের পাত্র ও দ্রব্য
- কাগজ ও কার্ডবোর্ড
- কাঠ
- বাগানের বর্জ্য
- লোহা ও অন্যান্য ধাতুর ক্ষুদ্র টুকরা/স্ক্রাপ
- আসবাব পত্র
- বই
- গৃহসজ্জা
- গাড়ির ব্যাটারি
- ওষুধ
- ব্যাটারি
- ব্যবহৃত পোশাক
- নায়লন
- পলিস্ট্রিন
- উদ্ভিজ্জ ও খনিজ তেল
- বিষাক্ত এবং দাহ্য বর্জ্যের জন্য খালি পাত্র
- মোট পরিমিত পরিমাণ (শুধুমাত্র উত্তর ও পশ্চিম রিসাইক্লিং কারখানা)
- গার্হস্থ্য সরঞ্জাম এবং অন্যান্য টেকসই পণ্য (শুধুমাত্র উত্তর ও পশ্চিম রিসাইক্লিং কারখানা)
- নিম্ন শক্তির ও নিয়ন বাতি (শুধুমাত্র উত্তর ও পশ্চিম রিসাইক্লিং কারখানা)
- টায়ার (শুধুমাত্র উত্তর ও পশ্চিম রিসাইক্লিং কারখানা)
- প্রিন্টারের কার্টিজ ও টোনার (শুধুমাত্র উত্তর ও পশ্চিম রিসাইক্লিং কারখানা)

গৃহস্থালী ছাড়া অন্যান্য ব্যবহারকারী শুধুমাত্র প্রাসঙ্গিক ফরমপূরণ করে ঝুঁকি বিহীন পৃথক বর্জ্য আনতে পারেন।




## পুনর্ব্যবহার

পুনর্ব্যবহারের সম্ভাবনা রয়েছে এমন বর্জ্য কাউন্সিলের তিনটি রিসাইক্লিং কারখানার বিশেষ অঞ্চলে সংগৃহীত হয়।
পরীক্ষা, শ্রেণিকরণ,পরিষ্কার এবং মেরামত সম্পন্ন হলে এসব দ্রব্য পুনরায় পাইকারি বা খুচরা বাজারে ছাড়া হয়।
এর উদ্দেশ্যকেবল আর্থিক বা পরিবেশগত নয়, বরং সামাজিকও – ফেলে দেয়াটা বুদ্ধিমানের কাজ নয় এমন যে কোন দ্রব্য গ্রহণ, শ্রেণিকরণ ও প্রক্রিয়াকরণে সম্ভাব্য সব ধরনের কার্যক্রম ব্যবহার করা হয়।

**ভালো অবস্থায় রয়েছে এমন দ্রব্য দ্বারা পূরণ করার জন্য পুনর্ব্যবহারের বক্সগুলো অধিবাসীদের প্রদান করা হয়েছে, যাতে তারা পুনর্ব্যবহার প্রকল্পে উৎসাহিত হন। (RE-USE BOX)**




## ভিসেঞ্জার রিসাইক্লিং কারখানাসমূহ – ঠিকানা ও পরিচালনার সময়

### RICICLERIA NORD (উত্তর রিসাইক্লিং কারখানা)
Via De Faveri, 7 (off Strada Postumia)
টেলিফোন 0444 514649
সোমবার থেকে শুক্রবার 14:00 - 19:00
শনিবার 9:00 - 18:00 (শীতকাল) / 9:00 - 19:00 (গ্রীষ্মকাল)

### RICICLERIA OVEST (পশ্চিম রিসাইক্লিং কারখানা)
Via delle Fornaci, 5 (off Via del Mercato Nuovo)
টেলিফোন 0444 560507
সোমবার থেকে শুক্রবার 14:00 - 19:00
শনিবার 9:00 - 18:00 (শীতকাল) / 9:00 - 19:00 (গ্রীষ্মকাল)


### RICICLERIA SUD (দক্ষিণ রিসাইক্লিং কারখানা)
Via S. Venier, 47
(off Viale Riviera Berica in Longara)
টেলিফোন 0444 240803
মঙ্গলবার থেকে শুক্রবার 14:00 - 17:00
শনিবার 10:00 - 17.00

# শহর পরিষ্কার করা

রাস্তা ও পাবলিক এলাকার পরিচ্ছন্নতা ও সুশৃঙ্খলতা নিশ্চিত করতে তা পরিষ্কার করা আবশ্যক, এবং ভিসেঞ্জা ডিস্ট্রিক্ট কাউন্সিলের এলাকার ব্যাপারে AIM Ambiente এর সেটা অব্যাহত অঙ্গীকার।
ভিসেঞ্জা ডিস্ট্রিক্ট কাউন্সিলের এলাকার রাস্তা পরিষ্কার করার কাজ নিবিড়ভাবে সম্পন্ন করা হয়। AIM Ambiente পেশাগতভাবে দক্ষ ব্যক্তিদের মাধ্যমে প্রতিদিন আমাদের রাস্তাগুলোতে পরিচ্ছন্নতার কাজ করে, ফলে শহরের সৌন্দর্য্য রক্ষায় কমিউনিটি দ্রুত, দক্ষ সেবা পায়।

## স্বাস্থ্যবিধি এবং রাস্তা এবং পাবলিক এলাকা পরিষ্কার করা

AIM Ambienteভিসেঞ্জা ডিস্ট্রিক্টের পাবলিক এলাকাগুলো পরিষ্কার ও ধোয়ার কাজ অযান্ত্রিকভাবে ও যান্ত্রিক সরঞ্জাম ব্যবহার করে (যেখানে সম্ভব) উভয় প্রক্রিয়ায় সমাধা করে
একটি নির্ধারিত সময়সূচি মোতাবেক এইপরিষেবা বাস্তবায়ন করা হয়যেখানে প্রত্যেক এলাকার সেবার জন্য নির্দিষ্ট সময়ের উল্লেখ রয়েছে।



### রাস্তা পরিষ্কার করা

এলাকার বৈশিষ্ট্য, যান চলাচল ও ব্যবহারের পর্যায় বিবেচনায় নিয়ে অযান্ত্রিক এবং যান্ত্রিক প্রক্রিয়ায় রাস্তা পরিষ্কারের কাজ করা হয়।
এই পরিষেবার কাজ বর্তমানে রবিবার সকাল ও বিকাল, এবং সপ্তাহ চলাকালে রাতে সম্পন্ন করা হয়।
অযান্ত্রিক পরিচ্ছন্নতার কাজের মধ্যে বর্জ্যের কাগজের পাত্র খালি করা, ব্যাগ প্রতিস্থাপন করা, এবং কুকুরের স্কুপ ডিসপেন্সার পুনরায় ভরে দেয়াও অন্তর্ভুক্ত রয়েছে।



### রাস্তা ধোওয়া

স্মৃতিস্তম্ভ এলাকায় মার্চ থেকে নভেম্বর মাস পর্যন্ত সাধারণত রাতে এবং শহরের ঐতিহাসিক কেন্দ্রের বাইরে দিনের বেলা রাস্তা ধোওয়ার কাজ করা হয়, এমনকি বৃষ্টি হলেও। নিরাপত্তার কারণে শীতের মাসগুলোতে রাস্তা ধোওয়ার কাজ স্থগিত রাখা হয়।
এই কাঠামো হল পাবলিক এলাকা "দূষণমুক্তকরণ" সংক্রান্ত এক ধরনের কর্মকাণ্ড, যার আওতায় রয়েছে একইসাথে 3 টি মান সম্পন্ন কাজ: অযান্ত্রিক প্রক্রিয়ায় পরিষ্কার করা, যান্ত্রিক প্রক্রিয়ায় (শোষণসহ) পরিষ্কার করা এবং রাস্তা ধোওয়া।



### চাপসহ ধোওয়া

মান সম্পন্ন পরিষ্কার কাজের জন্য একটি আবশ্যক সংযোজন হল চাপযুক্ত ধোওয়া এবং এলাকার গুরুত্ব ও স্থাপত্য মূল্যের প্রেক্ষিতে এবং নোংরা ময়লা অপসারণের উদ্দেশ্যে তা প্রয়োগের পরিকল্পনা করা হয়েছে।



### আগাছা অপসারণ

বছর জুড়ে AIM Ambiente রাস্তার পাশে ও ফুটপাথসহ অনেকগুলো আগাছা অপসারণ অভিযান পরিচালনা করে।
এই পরিষেবার লক্ষ্য হল রাস্তা পরিষ্কারের কাজের সুবিধার জন্য আগাছা নিয়ন্ত্রণ করা। এতে ব্যবহৃত পণ্য গাছের পাতা শোষণ করে নেয় এবং এতে কোন অবশিষ্টাংশ থাকে না বা তা কোন অবাঞ্ছিত পার্শ্ব প্রতিক্রিয়া সৃষ্টি করে না, কারণ পরিবেশের জীবাণু দ্বারা তা দ্রুত ভেঙ্গে যায়।

# কিভাবে পৃথকভাবে বর্জ্যসংগ্রহের কাজের উন্নয়ন করা যায়

**1. বর্জ্যের পরিমাণ কমিয়ে আনুন**
সম্ভব হলে প্লাস্টিক পাত্র ও বোতল চেপ্টা করুন এবং কার্ডবোর্ডের বক্সের ক্ষেত্রেও তা করুন, যাতে পাত্রে তা অল্প স্থান দখল করে।

**2. পাত্র ধুয়ে ফেলুন**
খাদ্য বা তরলের পাত্র ধুয়ে ফেললে গন্ধ কমে যায় এবং এতে রিসাইক্লিং কারখানায় পুনর্ব্যবহার উপযোগী করার কাজে সুবিধা হয়।

**3. পাত্র পূর্ণ করে হস্তান্তর করুন**
বাড়ির দরজায় গিয়ে সংগ্রহের ক্ষেত্রে কেবল প্রয়োজন হলেই পাত্র হস্তান্তর করলে তা বর্জ্য সংগ্রহের কাজ কমিয়ে আনে এবং এতে করে দূষণ ও ব্যয় হ্রাস পায়।

**4. সংগ্রহের সময় মেনে চলুন**
বাড়ির দরজায় গিয়ে সংগ্রহের ক্ষেত্রে ক্যালেন্ডারে বর্ণিত সংগ্রহের সময় মেনে চলুন, যাতে বর্জ্য যতটা সম্ভব কম সময় ধরে রাস্তায় থাকে। রাতে রাস্তার পাশের পাত্র ব্যবহার পরিহার করবেন যাতে শব্দের কারণে অধিবাসীরা বিরক্ত না হন।

**5. বর্জ্য বাইরে ফেলবেন না**
পাত্রের বাইরে ফেলা বর্জ্য কর্মীদেরকে পালার স্বাভাবিক সময়ের বাইরে সংগ্রহ করতে হয়, যাতে কমিউনিটির সময় ও অর্থের অবচয় হয়। বাইরে বর্জ্য ফেলা বে-আইনি এবং এর শাস্তি কঠোর।



# বর্জ্যের জন্য কর

**TARI কী?**
TARI এক ধরনের কর যা পরিচ্ছন্নতা বিভাগের পরিষেবার জন্য প্রদান করা হয়। এর মধ্যে বর্জ্য অপসারণ ও সংগ্রহ এবং রাস্তা পরিষ্কার করার পরিষেবা অন্তর্ভুক্ত।

**TARI প্রদানের জন্য দায়ী কে?**
চত্বর বা এলাকার যে কেউ বর্জ্যের কর ভার বহনের জন্য দায়ী। TARI হিসাব করে পরিষেবা ও কর আদায়ের ম্যানেজার AIM Vicenza Spa কর্তৃক জারি করা হয়।

**TARI প্রয়োগের প্রবিধান**
আইন নং 147 of 27.12.2013 এর আলোকে ভিসেঞ্জা কাউন্সিল কর্তৃক 01/01/2014 তারিখে TARI প্রতিষ্ঠা করা হয়। শহুরে ও শহুরে-শ্রেণির বর্জ্য ব্যবস্থাপনা ও নিষ্পত্তির ব্যয় নির্বাহের জন্য TARI এর পরিকল্পনা করা হয়।
TARI প্রবিধান ও হ্রাসের আবেদন ফরম www.aimambiente.it এবং at AIM এর শাখাসমূহে পাওয়া যাবে।
বিদ্যমান আইন বা বাস্তবায়ন সংক্রান্ত প্রবিধানের পরিবর্তনের প্রেক্ষিতে এই তথ্য পরিবর্তিত হতে পারে।

**বিলের ব্যয় কমিয়ে বর্জ্য হ্রাস করুন**
বিলের ব্যয় কমিয়ে আনুন এবং কম্পোস্টিং, বাগানের বর্জ্য সংগ্রহ ও পুনর্ব্যবহারযোগ্য ন্যাপির মাধ্যমে পরিবেশ সংরক্ষণে সহায়তা করুন।
**সঞ্চয়েরনিশ্চয়তা।**



গৃহস্থালী কম্পোস্টিং
বাড়িতে বাগানের বর্জ্য সংগ্রহ
পুনর্ব্যবহারযোগ্য ন্যাপি

* এগুলো ও অন্যান্য হ্রাসের জন্য:
**www.aimambiente.it**
**infoporta.porta@aimvicenza.it**




aim ambiente




**AIM Ambiente S.r.l.**
Contrà Pedemuro San Biagio, 72 - 36100 Vicenza
Tel. 04444 394911 - Fax 044 321496
protocollo@aimvicenza.it - www.aimvicenza.it

**পরিচালনার সদরদপ্তর:**
Contrà Mure San Rocco, 23 - 36100 Vicenza
Tel. 04444 394012 - Fax 044 394871